"শেখ হাসিনার উদ্যোগ- ঘরে ঘরে বিদ্যুৎ"

# কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড

**Coal Power Generation Company Bangladesh Limited (CPGCBL)**

(An Enterprise of Government of the People's Republic of Bangladesh)

"আলোকিত দেশ, যত্নে পরিবেশ"

## পণ্য সরবরাহের জন্য ক্রয় আদেশ

**মাতারবাড়ী ২x৬০০ মেগাওয়াট আল্ট্রা সুপার ক্রিটিক্যাল কোল ফায়ার্ড পাওয়ার প্ল্যান্ট এ কর্মরত কর্মকর্তা/কর্মচারী-দের জন্য পোশাক/ইউনিফর্ম সরবরাহ।**

**ক্রয় আদেশ নম্বর: ২৭.৩২.০০০০.০০৮.০৭.০১০.২৪-০৫০৭;** **তারিখ: ১৬/০৪/২০২৪ ইং।**

| | |
|---|---|
| **কোটেশন নম্বর: ২৭.৩২.০০০০.০০৮.০৭.০১০.২৪-০৩৯৬;** | **তারিখ: ১৮/০৩/২০২৪ ইং।** |
| **প্রতি :**<br>**মেসার্স আশা এন্টারপ্রাইজ**<br>**সাইটালিয়া, শ্রীপুর, গাজীপুর।** | |
| সরবরাহের তারিখ : **৩১/০৫/২০২৪ ইং।**<br>**(ক্রয় আদেশ জারির তারিখ থেকে ৪৫ দিন)** | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য : **টাকা ১৮,৯৯,২২১.০০ (আঠারো লক্ষ নিরানব্বই হাজার দুইশত একুশ) মাত্র (ভ্যাট ও ট্যাক্স সহ)।** |
| **সরবরাহ : শর্তানুযায়ী** | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার **২৪/০৩/২০২৪ ইং** তারিখের কোটেশন গ্রহণ করিয়াছেন। পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরি বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলি অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহের জন্য আপনাকে অনুরোধ করা হইল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| সংশ্লিষ্ট পণ্য ও সেবার অনুমোদিত মূল্যসংবলিত বিবরণের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিক পণ্যের অনুমোদিত কারিগরি বিনির্দেশের (পূর্ণাঙ্গ বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলির সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য :<br>16/04/2024<br>**(এস. এম. আব্দুল মান্নাফ)**<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট) (অতি. দায়িত্ব)<br>সিপিজিসিবিএল, ঢাকা। |
| তারিখ : ১৬/০৪/২০২৪ ইং। |

সংযুক্তিসমূহ : উপরিউক্ত বর্ণনা মোতাবেক।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ব্যবস্থাপনা পরিচালক, সিপিজিসিবিএল, ঢাকা।
২। নির্বাহী পরিচালক (অর্থ/পিএন্ডডি/প্রকল্প), সিপিজিসিবিএল, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী (পরিচালন ও সংরক্ষণ) (ভারপ্রাপ্ত), সিপিজিসিবিএল, মাতারবাড়ী, মহেশখালী, কক্সবাজার।
৪। উপ-মহাব্যবস্থাপক (হিসাব-অর্থ / নিরীক্ষা), সিপিজিসিবিএল, ঢাকা।
৫। অফিস কপি।

# পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলি

**মাতারবাড়ী ২x৬০০ মেগাওয়াট আল্ট্রা সুপার ক্রিটিক্যাল কোল ফায়ার্ড পাওয়ার প্ল্যান্ট এ কর্মরত কর্মকর্তা/কর্মচারী-দের জন্য পোশাক/ইউনিফর্ম সরবরাহ।**

**ক্রয় আদেশ নম্বর: ২৭.৩২.০০০০.০০৮.০৭.০১০.২৪-০৫০৭;** **তারিখ: ১৬/০৪/২০২৪ ইং।**

১। চুক্তির পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য এইখানে বর্ণিত শর্তাবলি ক্রয়কারী ও সরবরাহকারী মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

২। এই শর্তাবলির প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

৩। ক্রয় আদেশ জারি হইবার **৪৫ (পঁয়তাল্লিশ)** দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলি অনুযায়ী সার্বিকভাবে সরবরাহ সমাপ্ত করিতে হইবে।

৪। ক্রয়কারী পণ্য ও সংশ্লিষ্ট সেবা গ্রহণ করিতে বিলম্ব করিলে অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হইলে অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসংগত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের জন্য বর্ধিত সময় প্রাপ্তির অধিকার থাকিবে।

৫। চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যেকোনো সময় ক্রয়কারী বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখিতে হইবে।

৬। ক্রয়কারী কারিগরি বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করিবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে অবহিত করিবে।

৭। যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, তাহা হইলে ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করিয়া সরবরাহ বাতিল করিতে পারিবে।

৮। সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরূপ অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকিবে।

৯। অন্য কোথাও যাহা কিছুই থাকুক না কেন, মূল্য তফসিল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটি পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের ভিত্তিতে মূল্য পরিশোধ করা হইবে। সরবরাহের চালান জমা ও গ্রহণের পর পণ্য ও সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হইবে।

১০। সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি ও প্রযোজ্য আইনের অধীন অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১১। মোট চুক্তি-মূল্য: **টাকা ১৮,৯৯,২২১.০০ (আঠারো লক্ষ নিরানব্বই হাজার দুইশত একুশ) মাত্র (ভ্যাট ও ট্যাক্স সহ)।**

১২। সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হইতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ ০৩ (তিন) মাস।

১৩। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকিবে।

১৪। সরবরাহকারী পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তাহার নিজের, তাহার শ্রমিক বা কর্মচারী বা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোনো কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন বা সম্পত্তির ক্ষতিপূরণ হইতে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি হইতে দায়মুক্ত রাখিবে।

১৫। পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিষ্পত্তি করিবে।

১৬। ওয়ারেন্টি (Warranty) সময়সীমার মধ্যে সরবরাহ ও সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হইলে, সরবরাহকারী নিজ খরচে উহা সংশোধন করিবে।

১৭। কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি ও সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নহে।

১৮। ক্রয়কারী প্রয়োজন হইলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করিয়া পরবর্তীকালে চুক্তির শর্তাবলির সংশোধন করিতে পারিবে।

১৯। ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করিয়া যেকোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করিতে পারিবে, যদি সরবরাহকারী—

(ক) সরবরাহের তফসিলের সময় ও বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) অনুযায়ী পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ করিতে ব্যর্থ হয়;

(খ) পণ্য ও সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোনো কর্মকাণ্ডে জড়িত থাকে; এবং

(গ) চুক্তির অধীন অন্য কোনো বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হয়।

২০। এই চুক্তি বা উহার ব্যাখ্যা হইতে উদ্ভূত, বা তৎসম্পর্কে সম্ভাব্য সকল বিরোধ সমঝোতার মাধ্যমে আপস-মীমাংসার জন্য ক্রয়কারী ও সরবরাহকারী সর্বোচ্চ প্রচেষ্টা করিবে।

২১। পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৬৪ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১২৭ অনুসারে দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকিবে।

| | |
|---|---|
| ক্রেতার জন্য:<br>16/04/2024<br>(এস. এম. আব্দুল মান্নাফ)<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট) (অতি. দায়িত্ব)<br>সিপিজিসিবিএল, ঢাকা। | সরবরাহকারীর জন্য:<br>(মোঃ ফাহাদ হোসাইন)<br>প্রোপাইটর<br>মেসার্স আশা এন্টারপ্রাইজ<br>সাইটালিয়া, শ্রীপুর, গাজীপুর। |
| তারিখ : ১৬/০৪/২০২৪ ইং। | তারিখ : ১৬/০৪/২০২৪ ইং। |